

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(প্রশাসন শাখা)

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি



বিজ্ঞপ্তি নং-২৩৮ এ,

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
২৩ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারিক কার্যক্রম সীমিত পরিসরে পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণের অংশগ্রহণে অনুষ্ঠিত ফুলকোর্ট সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয় করোনাভাইরাসজনিত (কোভিড-১৯) উদ্ভূত পরিস্থিতিতে সরকার সার্বিক কার্যাবলি/চলাচলে কঠোর বিধি-নিষেধ আরোপ করায় বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারিক কার্যক্রম আগামী ২৫/০৭/২০২১ খ্রি: হতে ০৫/০৮/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত (অবকাশকালীন সময়সহ) সীমিত পরিসরে পরিচালিত হবে।

০২। রীট ও দেওয়ানী, ফৌজদারী এবং কোম্পানী ও অ্যাডমিরালটি সংক্রান্তে একটি করে মোট ০৩ (তিন) টি বেঞ্চে হাইকোর্ট বিভাগের ০৩ (তিন) জন মাননীয় বিচারপতি তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভারুয়াল উপস্থিতির মাধ্যমে অতীব জরুরী বিষয়ে শুনানি করবেন এবং অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করবেন। হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতিবৃন্দ, বিজ্ঞ আইনজীবীবৃন্দ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ভারুয়াল পদ্ধতিতে শুনানীতে সংযুক্ত হবেন।

০৩। উক্ত সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে বিজ্ঞ আইনজীবী এবং বিচারপ্রার্থীদের না আসার জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোনঃ ৯৫৬২৭৮৫


ই-মেইল rg@supremecourt.gov.bd

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
২৩ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৩৯৬২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা.....(সকল)।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
৯. বেঞ্চ অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)।
১০. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল) (সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধ করা হলো)।

  
২৩.০৭.২০২১  
(মোঃ মিজানুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন) (ভারঃ)